# নিরস্ত্রীকরণ এবং পরমাণু অস্ত্রপ্রসার রোধ বিষয়ে আলোচনার জন্য চিনা প্রতিনিধি দলের সফর

চিন বিদেশমন্ত্রকের ডিরেক্টর জেনারেল ওয়াং কুন-এর নেতৃত্বে একটি চিনা প্রতিনিধি দল ভারত সফর করল ১৩ সেপ্টেম্বর, ২০১৬, ভারতীয় প্রতিনিধি দলের সঙ্গে আলোচনার জন্য। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেন অমানদীপ সিং গিল, যুগ্ম সচিব (নিরস্ত্রীকরণ এবং আন্তর্জাতিক নিরাপত্তা), পররাষ্ট্রমন্ত্রক। আলোচনার মূল বিষয় ছিল পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট নিরস্ত্রীকরণ এবং পরমাণু প্রসার রোধ।

পররাষ্ট্রমন্ত্রী এবং চিনের বিদেশমন্ত্রী ওয়াং ই তাঁদের ১৩ আগস্টের বৈঠকে সম্মত হয়, দু'পক্ষ বিশেষ গুরুত্ব দেবে পরমাণু সরবরাহকারী বিভাগ (এনএসজি)-তে ভারতের সদস্যপদের বিষয়টি নিয়ে।

আলোচনা হয়েছে অকপট, বাস্তবমুখী এবং স্বতন্ত্র। উভয়পক্ষ পারস্পরিক সুবিধাজনক তারিখে পরবর্তী বৈঠকের ব্যাপারে সহমত হয়েছে।

**নয়াদিল্লি**

**সেপ্টেম্বর ১৩, ২০১৬**